



OFFICE OF
SCHOOL HEALTH

স্কুলে আপনার সন্তানের অ্যালার্জি সামাল দেওয়া

আনুমানিক ৪-৬% ছেলেমেয়ের ফুড অ্যালার্জি আছে; স্কুলে ছেলেমেয়েদের সাধারণত ফুড অ্যালার্জির কারণেই অ্যানাফাইলাক্সিস (একধরনের জীবনবিপন্নকারী অ্যালার্জিক প্রতিক্রিয়া) হয়ে থাকে। **এনওয়াইসি ডিপার্টমেন্ট অব এডুকেশন বাদাম, দুধ বা অন্যান্য অ্যালার্জেন-মুক্ত স্কুল পরিবেশ বা খাদ্য পরিষেবা প্রদান করে না কারণ দুর্ঘটনাক্রমে সংস্পর্শে আসার ঝুঁকি সবসময়েই থাকে।** কোনো স্কুলই অ্যালার্জেন-মুক্ত পরিবেশের গ্যারান্টি দিতে পারে না।

আমরা নিশ্চিত করতে চাই যে আপনাদের সন্তান স্কুলে সম্ভাব্য সেরা পরিচর্যা লাভ করবে। আমরা অ্যালার্জি, ফুড সেন্সিটিভিটি ও শিক্ষার্থীর স্বাস্থ্য সম্পর্কিত বিষয়গুলি গুরুত্বের সাথে নিয়ে থাকি। এর অর্থ হলো পিতামাতা, চিকিত্সা পরিষেবা প্রদানকারী এবং স্কুল টিম আপনার সন্তানের অ্যালার্জি সামাল দেওয়ার জন্য একযোগে কাজ করে থাকেন।

পিতামাতা/পরিচর্যাকারী হিসেবে আপনার ভূমিকা

- পিতামাতা/পরিচর্যাকারীকে [অ্যালার্জি রেসপন্স প্ল্যান](#) প্রণয়ন/পর্যালোচনা এবং ক্যাফেটেরিয়ার কোন খাবারগুলি শিক্ষার্থী খেতে পারে ঠিক করার জন্য যত তাড়াতাড়ি সম্ভব স্কুল নার্সের সাথে যোগাযোগ করতে হবে।
 - আপনার অবগতির জন্য স্কুলফুড-এর মেন্যু পাবেন এই [লিংকে](#)।
- আপনার সন্তানের ডাক্তারকে এই ফরমগুলি পূরণ করে দিতে বলুন:
 - [Allergy/Anaphylaxis Medication Administration Form](#) (MAF)
 - [Medical Review of Student with Severe Allergies Form](#)
- নিশ্চিত করুন যে এসব ফরমে যোগাযোগের তথ্য হালনাগাদ আছে। পূরণকৃত ফরম স্কুলে জমা দিন।
- আপনার সন্তানের অ্যালার্জি সামলাবার জন্য আপনার ডাক্তার কোনো ওষুধ দিয়ে থাকলে সেটা স্কুলের নার্সকে দিন।
 - যদি এপি-পেন দেওয়া হয়ে থাকে, তাহলে স্কুল আপনার সন্তানের কাছাকাছি এপি-পেন রাখা নিশ্চিত করার জন্য কাজ করবে -- ক্লাসরুমে, লাঞ্চরুম এবং খেলার মাঠে। অথবা, আপনার সন্তান যদি নিজেই এপি-পেন গ্রহণ করতে পারে, তাহলে আপনার সন্তানকে নিজের কাছে এপি-পেন রাখার অনুমতি দেওয়া হবে। স্কুলের নার্সও এপি-পেন নার্সের অফিসে রাখবেন।
- আপনার সন্তানকে পরিহার করতে হবে এমন খাবার ও উপকরণের তালিকা স্কুলের নার্সকে দিন
- আপনার সন্তানের অ্যাজমা থাকলে স্কুলের নার্সকে অবহিত করুন কারণ যেসব ছেলেমেয়ের অ্যালার্জি ও অ্যাজমা দুটি আছে তাদের জন্য অ্যালার্জি প্রতিক্রিয়া মারাত্মক হতে পারে।
- আপনার সন্তানকে তাদের অ্যালার্জির ব্যাপারে অবহিত করুন যাতে তারা জানে কোন খাবারগুলি পরিহার করতে হবে।
 - নিশ্চিত করুন যে আপনার সন্তান অন্যদের সাথে খাবার বিনিময় না করার বিষয়টি জানে স্কুলে কিছু খেতে দেওয়া হলে তারা যেন না জেনে খাবার না খায়।

আপনার সন্তানের ভূমিকা

- আপনার সন্তান যদি নিজেই এপি-পেন গ্রহণ করতে পারে, তাহলে আপনার সন্তান সবসময় নিজের কাছেই এপি-পেন হবে।
- খাবার নাড়াচাড়া করার আগে ও পরে আপনার সন্তানের হাত ধোয়া উচিত, কারো সাথে খাবার বিনিময় করা উচিত নয়, এবং খাবারের উপকরণ না জেনে স্কুলের কোনো খাবার খাওয়া উচিত নয়।

স্কুল টিমের ভূমিকা

- আপনার সন্তানের জন্য নিবারণ ও সাড়া দেওয়ার পরিকল্পনা তৈরির জন্য স্কুলের নার্স ও স্কুলের চিকিত্সক আপনার সন্তানের ডাক্তার ও স্কুলের কর্মচারীদের সাথে কাজ করবেন।
- আপনার সন্তানের স্কুল নিশ্চিত করবে যে ফুড অ্যালার্জি আছে এমন শিক্ষার্থীদের স্কুলের সকল অ্যাকটিভিটিতে অন্তর্ভুক্ত করা হয়।
- স্কুলগুলির নিবারণমূলক কৌশল বিবেচনা করা উচিত, যার মধ্যে আছে:
 - ক্যাফেটেরিয়া ও ক্লাসরুমে “অ্যালার্জি সচেতন” আসন ব্যবস্থা
 - নির্ধারিত খাবার মুক্ত জোন
 - সকল ক্লাস প্রজেক্ট, অনুষ্ঠান ও স্ল্যাকসএ অ্যালার্জেনের ব্যবহার না করা।
- স্কুলের কর্মচারীদের শেখান হয় এপি-পেন ব্যবহারসহ সম্ভাব্য অ্যালার্জেন প্রতিক্রিয়ার ক্ষেত্রে সাড়া দেওয়ার নিয়মকানুন শেখানো হবে।
- যদি অ্যালার্জিক প্রতিক্রিয়া হয় তাহলে একজন স্কুল কর্মচারী নিচের কাজ দুটি করবেন:
 - যদি অ্যালার্জিক প্রতিক্রিয়া হয় তাহলে স্কুলের নার্সকে অবহিত এবং এএমএস/৯১১ কল করবেন।
 - আপনাকে ও আপনার সন্তানের চিকিত্সা সেবা দানকারীকে যোগাযোগ করা।